

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় পর্যায়ে ঋণ পুনঃতফসিলিকরণ রেজিস্টার সংরক্ষণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং- প্রকা/ক্রেডিট-১/০৮(৪৯২)/২০১৪-১৫/৬৩৩(১২৫০) এবং অভিন্ন নথির পত্র নং ৬৫০(১২৫০) তারিখ ০৮/০৩/২০১৫ ও ১১/০৩/২০১৫ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত পত্রে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে স্বল্প মেয়াদি কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের বিষয়ে বিস্তারিত দিক নির্দেশনা জারি করা হয়েছে। শাখা পর্যায়ে নির্ধারিত ছকে ঋণ পুনঃতফসিলিকরণ কার্যক্রম এর তথ্যাদি সংরক্ষণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। শাখা পর্যায়ে অনুরূপ মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়েও শাখা ভিত্তিক পুনঃতফসিলিকরণের তথ্যাদি সংরক্ষণ করা একান্ত প্রয়োজন।

০৩। এমতাবস্থায় পুনঃতফসিলিকরণের বিষয়ে হালনাগাদ অগ্রগতি যাতে তাৎক্ষণিক ভাবে সরবরাহ করা সম্ভব হয় সে জন্য নিম্নোক্ত ছকে সঠিক তথ্য সম্বলিত রেজিস্টার সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষণের পরামর্শ দেয়া হলো।

ছক

মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় পর্যায়ে স্বল্প মেয়াদি কৃষি ঋণের পুনঃতফসিলিকরণের তথ্যাবলি

ক্রঃনং	শাখার নাম	পুনঃতফসিলিকৃত ঋণের		ডাউন পেমেন্ট আদায়		৫২ স্থগিত সুদ হতে সমন্বয়ের পরিমাণ	পুনঃতফসিলের আওতায় নতুন ঋণ প্রদানের		পুনঃতফসিলের আওতায় সাটিফিকেট মামলা নিষ্পত্তির		মন্তব্য
		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	

০৪। শাখা পর্যায়ে সংরক্ষিত রেজিস্টারে ডাউন পেমেন্ট হিসাবে আদায়কৃত টাকার মাধ্যে কত টাকা ৫২-হিসাব খাত হতে আয় খাতে স্থানান্তর করা হয়েছে তাও মন্তব্য কলামে লিপিবদ্ধ করতে হবে।


০৫। বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি পত্র নং ২৮৯ তারিখ ১৬/০১/২০১৪ এবং বিআরপিডি সার্কুলার নং-১৫ তারিখ ২৩/০৯/২০১২ অনুযায়ী পুনঃ তফসিলিকৃত ঋণের সুদ ৫২- স্থগিত হিসাবে সংরক্ষণ করতে হবে। শুধুমাত্র আদায় হলেই আয় খাতে স্থানান্তর করা যাবে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

প্রকা/ক্রেডিট-১/০৮(৪৯২)/২০১৪-২০১৫/ ৭২৯(২২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয় সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। উপ মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস বিভাগ (উক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সংশ্লিষ্ট নিবাহী ও প্রমোটারবৃন্দ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১১। নথি/মহানথি।



(গাগান কুমার রায়)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

-ঐ-



(বিশির আহমেদ)

উপ-মহাব্যবস্থাপক